

বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (NTRCA)
রেড ক্রিসেন্ট বোরাক টাওয়ার (৪র্থ ও ৫ম তলা)
৩৭/৩/এ, ইস্কাটন গার্ডেন রোড, রমনা, ঢাকা-১০০০
ফ্যাক্স: ০২-৪১০৩০০৪৯, ওয়েবসাইট: www.ntrca.gov.bd
ই-মেইল: office@ntrca.gov.bd

স্মারক নম্বর: বেশিনিক/পমূপ্র/মতামত/৮২১(অংশ-১)/২০১৮/৬৪

তারিখ: ১৪ ফেব্রুয়ারি ২০১৯ খ্রি.

বিষয়: মেরিট লিস্টে নাম সংশোধন প্রসঙ্গে।


সূত্র: জনাব মোঃ বরকত উল্লাহ, চতুর্দশ শিক্ষক নিবন্ধন পরীক্ষার প্রার্থী, প্রিলিমিনারি রোল ৩১১১০০৯৮, পদ-সহকারী শিক্ষক (ব্যবসায় শিক্ষা) এর ২৯.০১.২০১৯ তারিখের পত্র।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, তিনি চতুর্দশ শিক্ষক নিবন্ধন পরীক্ষায় প্রিলিমিনারি টেস্টে অংশগ্রহণকারী একজন প্রার্থী। তাঁর রোল নম্বর ৩১১১০০৯৮, পদের নাম-সহকারী শিক্ষক (ব্যবসায় শিক্ষা), বিষয় কোড-৩১১। উক্ত পদে প্রিলিমিনারি টেস্টে উত্তীর্ণ প্রার্থীদের লিখিত পরীক্ষার রোল নম্বর পরিবর্তন করে নতুন রোল নম্বর সৃজন করা হয়। তিনি প্রিলিমিনারি টেস্টে অকৃতকার্য হয়েছেন। প্রিলিমিনারি টেস্টে উত্তীর্ণ প্রার্থীদের লিখিত পরীক্ষার জন্য নতুন করে রোল সৃজন করা হলে তাঁর ৩১১১০০৯৮ রোল নম্বরটি প্রিলিমিনারি টেস্টে উত্তীর্ণ প্রার্থী মৌসুমী কাজীর অনুকূলে সৃজন হয়। জনাব মৌসুমী কাজী লিখিত ও মৌখিক পরীক্ষায় চূড়ান্তভাবে উত্তীর্ণ হন, বিধায় বর্তমান মেরিট লিস্টে ৩১১১০০৯৮ রোল নম্বরের বিপরীতে জনাব মৌসুমী কাজীর নাম রয়েছে।

২. চতুর্দশ শিক্ষক নিবন্ধন পরীক্ষায় প্রিলিমিনারি টেস্টে অকৃতকার্য হওয়া সত্ত্বেও কিভাবে মেরিট লিস্ট সংশোধন করার দাবী করেছেন তা পত্র প্রাপ্তির ০৭ (সাত) কার্যদিবসের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে স্ব-শরীরে উপস্থিত হয়ে লিখিত ব্যাখ্যা প্রদান করার জন্য তাঁকে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

প্রাপক:

জনাব মোঃ বরকত উল্লাহ,
চতুর্দশ শিক্ষক নিবন্ধন পরীক্ষার প্রার্থী,
প্রিলিমিনারি রোল ৩১১১০০৯৮,
পদ- সহকারী শিক্ষক (ব্যবসায় শিক্ষা)।


(মোঃ মোস্তাক আহমেদ)
সহকারী পরিচালক (পমূপ্র-১)
এনটিআরসিএ, ঢাকা
ফোন: ০২-৪১০৩০১৩২

অনুলিপি:

১. সদস্য (প.মু.প্র.), এনটিআরসিএ, ঢাকা।
২. সিস্টেম এনালিস্ট, এনটিআরসিএ, ঢাকা (পত্রটি এনটিআরসিএ'র ওয়েবসাইটে আপলোড করার অনুরোধসহ)।
৩. অফিস কপি।